



রেজিস্টার্ড

২০৮

বাংলাদেশ নির্বাচন কমিশন নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর- ১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৮.২৩- ২১৭

তারিখঃ ০২ কার্তিক ১৪৩০
১৮ অক্টোবর ২০২৩

আদেশ

যেহেতু, জনাব খন্দকার জাহাঙ্গীর হোসেন, উপজেলা নির্বাচন অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ এর বিবুক্ত বিধি বহির্ভূতভাবে ও অনৈতিকভাবে মোট ১৩টি জাতীয় পরিচয়পত্রের তথ্য পরিবর্তনের অভিযোগ জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ হতে উত্থাপিত হয়;

যেহেতু, তিনি ইচ্ছাকৃতভাবে কার্ড ম্যানেজমেন্ট সিস্টেমের অপব্যবহার করতঃ তার ব্যবহৃত ইউজার আইডি (j.hossain) হতে ১৩টি জাতীয় পরিচয়পত্রের তথ্য পরিবর্তন করেছেন; উক্ত তথ্য পরিবর্তনের প্রমাণ বিলুপ্তির উদ্দেশ্যে পরিবর্তিত ফিল্স সিস্টেম থেকে অপসারণ করতঃ তার উপর অপিত দায়িত্ব পালনে চরম অবহেলা প্রদর্শন করেছেন; এবং তার এহেন কর্মকাণ্ড কারিগরি তদন্তে সুস্পষ্টরূপে প্রমাণিত;

যেহেতু, উক্তরূপ তথ্য পরিবর্তনের ক্ষেত্রে তার User ID, Password ও OTP অন্যের সাথে শেয়ার করে দায়িত্ব জ্ঞানহীনতার পরিচয় দিয়েছেন মর্মে প্রশাসনিক তদন্তে প্রমাণিত;

যেহেতু, তার এহেন কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থ হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে তার বিবুক্ত বিভাগীয় মামলা নং-০৯/২০২৩ বুজু করা হয় এবং বিধি মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করা হয়; এবং অভিযোগনামার জবাবে তিনি ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানিকালে মৌখিক ও লিখিত বক্তব্যে তার বিবুক্ত আনীত অভিযোগের সত্যতা স্বীকার করেন;

যেহেতু, শুনানিকালে তার স্বীকারেক্ষিত কারিগরি ও প্রশাসনিক তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিবুক্ত আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সদেহাতীতভাবে প্রমাণিত এবং উক্ত বিধিমালার বিধানানুসারে তিনি দন্ত পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব খন্দকার জাহাঙ্গীর হোসেন, উপজেলা নির্বাচন অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ এর বিবুক্ত আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(ঘ) অনুযায়ী তার বেতন স্থায়ীভাবে “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। তার বর্তমান গ্রেড-৭, বেতন ক্ষেত্রে: ২৯,০০০-৬৩,৪১০/- এবং মূল বেতন ৫২,১৬০/- টাকা। জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ অনুযায়ী তার মূল বেতন ৭ম গ্রেডের বর্তমান মূল বেতনের ধাপের পূর্ববর্তী নিম্নতর ধাপ অর্থাৎ ৪৯,৬৭০/- টাকায় স্থায়ীভাবে অবনমিত করার আদেশ প্রদান করা হলো। একই সাথে তার বিবুক্ত বিভাগীয় মামলা নং-০৯/২০২৩ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তাব্দী

মোঃ জাহাঙ্গীর আলম
সচিব

তারিখঃ ০২ কার্তিক ১৪৩০
১৮ অক্টোবর ২০২৩

স্মারক নম্বর- ১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৮.২৩- ২১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যোতিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। যুগ্ম-সচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনসিটিউট, আগারগাঁও, ঢাকা

জারীকৃত

(১/২)

৬২৬/

৮৮ মার্চ ২০১২৬

অফিসের ঠিকানা:

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোনঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্সঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd



২৫৬

বাংলাদেশ নির্বাচন কমিশন নির্বাচন কমিশন সচিবালয়

- ০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ
- ০৭। উপসচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৮। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট)
- ০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]
- ১০। চিফ একাউন্টেস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ),
সেগুনবাগিচা, ঢাকা
- ১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ
- ১২। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর
সদয় অবগতির জন্য)
- ১৩-১৬। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয়
অবগতির জন্য)
- ১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কিশোরগঞ্জ
- ১৯। জনাব খন্দকার জাহাঙ্গীর হোসেন, উপজেলা নির্বাচন অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ
- ২০। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (জনাব খন্দকার জাহাঙ্গীর হোসেন, উপজেলা নির্বাচন
অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ) এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ]
- ২১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ

মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শুঙ্গলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইলঃ sas_dis@ecs.gov.bd

(২/২)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোনঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্সঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এডেসঃ www.ecs.gov.bd